





# মাতৃভাষা-বার্তা

৫ম বর্ষ : ২য় সংখ্যা

জুলাই-সেপ্টেম্বর ২০১৮

আষাঢ়-আশ্বিন ১৪২৫


## জাতীয় শোক দিবস পালন

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৮ উপলক্ষে ১৬ আগস্ট শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের উদ্যোগে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট অডিটোরিয়ামে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মোঃ সোহরাব হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ আলোচনা সভার প্রধান অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি। বিশেষ অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের সচিব মোঃ আলমগীর এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর মোঃ মাহাবুবুর রহমান। আরও উপস্থিত ছিলেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ড. অরুণা বিশ্বাস।

এ অনুষ্ঠানে বঙ্গবন্ধুকে নিবেদিত স্বরচিত কবিতা পাঠ করেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রাক্তন মুখ্য সচিব কবি ড. কামাল আবদুল নাসের চৌধুরী ও বাংলাদেশ সরকারি কর্মকমিশনের চেয়ারম্যান কবি ড. মোহাম্মদ সাদিক। অনুষ্ঠানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়।

শিক্ষা ও অন্যান্য মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড-এর কর্মকর্তাগণ, বিশ্ববিদ্যালয় ও কলেজের শিক্ষকবৃন্দ এবং মুদ্রণ (প্রিন্ট) ও বৈদ্যুতিন (ইলেক্ট্রনিক) মাধ্যমের সংবাদকর্মীবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।




জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য প্রদান করছেন মাননীয় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এম.পি

## বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন

যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে ১৫ আগস্ট স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৮ পালন করা হয়। ইনস্টিটিউট চত্বর জাতির জনকের চিত্রসংবলিত ব্যানারে সজ্জিত করা হয়। সকাল ৯:৩০টায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের মহাপরিচালক অধ্যাপক জীনাত ইমতিয়াজ আলীর নেতৃত্বে ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারীগণ ধানমন্ডিস্থ ৩২ নম্বর সড়কে অবস্থিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন।




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদনের প্রস্তুতিকালে *আমাই*-এর মহাপরিচালক ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ

## প্রশিক্ষণ কর্মসূচি : প্রমিত বাংলার ব্যবহার

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ২০১৭-১৮ অর্থবছরের প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ১৩-১৭ মে ২০১৮ অনুষ্ঠিত হয় 'সরকারি কর্মকর্তাদের দাপ্তরিক কাজে ও যোগাযোগ প্রক্রিয়ায় প্রমিত বাংলা ভাষার ব্যবহার' শীর্ষক প্রশিক্ষণ। কোর্সে অংশগ্রহণ করেন সপ্তদশ ব্যাচের সরকারি বিভিন্ন দপ্তর, অধিদপ্তর, সংস্থা, প্রতিষ্ঠান থেকে মোট ১৮ জন কর্মকর্তা। ইনস্টিটিউটের মহাপরিচালক কর্মসূচি উদ্বোধন করেন। কোর্স পরিচালনা করেন ইনস্টিটিউটের পরিচালক শেখ মোঃ কাবেদুল ইসলাম। কোর্স সমন্বয়ক ও সহকারী কোর্স সমন্বয়কের দায়িত্ব পালন করেন ড. কানিজ ফাতেমা (উপপরিচালক) ও ড. মোঃ ইলতেমাস (সহকারী পরিচালক)। পাঁচ দিনব্যাপী অনুষ্ঠিত এ প্রশিক্ষণের বিষয় ছিল : প্রমিত বাংলা ভাষার ব্যবহার : বাক্য-বিষয়ক বিবেচনা; প্রমিত বাংলা বানান; প্রমিত বাংলা উচ্চারণ (তাত্ত্বিক ও ব্যবহারিক); সরকারি বিভিন্ন যোগাযোগ প্রক্রিয়া; সরকারি যোগাযোগে বাংলা ভাষার প্রয়োগ-অপপ্রয়োগ; দাপ্তরিক কাজে পরিভাষার ব্যবহার; লিখন নৈপুণ্য : বৃদ্ধি ও উৎকর্ষ (তাত্ত্বিক ও ব্যবহারিক); বিরামচিহ্নের ব্যবহার; বাংলা ভাষায় নোট উপস্থাপন ও সারসংক্ষেপ লিখন; ফ্যাক্স, ইমেইল, জিইপি, এসএমএস, সাইবার বার্তা ও অন্যান্য ইলেকট্রনিক মাধ্যমে বাংলা ভাষার ব্যবহার; বাংলা ভাষায় গবেষণাপত্র প্রণয়ন : কৌশল ও পদ্ধতি ইত্যাদি। ভাষাবিজ্ঞানী, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, প্রশিক্ষণ বিশেষজ্ঞ ও ইনস্টিটিউটের কর্মকর্তাবৃন্দ বিভিন্ন অধিবেশন পরিচালনা করেন। ১৭ মে অনুষ্ঠিত কোর্স সমাপনী ও সনদ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) মোঃ মহিউদ্দীন খান। প্রশিক্ষণশেষে প্রধান অতিথি প্রশিক্ষণার্থীদের সনদ প্রদান করেন।



১৩-১৭ মে ২০১৮ অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী ও ইনস্টিটিউটের কর্মকর্তাবৃন্দ

## ক্ষুদ্র নৃগোষ্ঠীয় জাতিসত্তাভুক্ত শিক্ষকদের প্রশিক্ষণ

প্রশিক্ষণ কর্মসূচির ধারাবাহিকতায় ২০-২৪ মে ২০১৮ পর্যন্ত অনুষ্ঠিত হয় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ক্ষুদ্র নৃগোষ্ঠীয় জাতিসত্তাভুক্ত শিক্ষকদের পাঠদান প্রক্রিয়ায় প্রমিত বাংলা ভাষার ব্যবহার শীর্ষক প্রশিক্ষণ। ক্ষুদ্র জাতিসত্তার শিক্ষার্থীদের বাংলা ভাষায় দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এ প্রশিক্ষণের আয়োজন করা হয়। ইউনেস্কো-র সঙ্গে সম্পাদিত চুক্তি অনুযায়ী ক্যাটিগরি-২ ইনস্টিটিউট-এর অঙ্গীকার বাস্তবায়নের ক্ষেত্রে এ কর্মসূচি আমাই-এর অন্যতম কার্যকর পদক্ষেপ। অষ্টাদশ ব্যাচের এ প্রশিক্ষণে রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান, মৌলভীবাজার, কক্সবাজার ও ভোলা জেলার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে ক্ষুদ্র নৃগোষ্ঠীয় জাতিসত্তাভুক্ত মোট ২৬ জন প্রধান শিক্ষক/সহকারী শিক্ষক অংশগ্রহণ করেন। ইনস্টিটিউটের ভাষা গবেষণাগারে ২০ মে সকাল ৯টায় পাঁচ দিনব্যাপী প্রশিক্ষণের উদ্বোধন করেন ইউনেস্কো ঢাকা অফিসের প্রধান বিয়েট্রিস কালডুন। প্রশিক্ষণ কোর্সের বিষয় ছিল : বাংলা ভাষার উদ্ভব ও ধারাবাহিকতা : প্রায়োগিক বিবেচনা, বাংলাদেশের নৃতাত্ত্বিক জনগোষ্ঠী ও বাংলা ভাষা, প্রমিত বাংলা বানান, প্রমিত বাংলা উচ্চারণ (তাত্ত্বিক ও ব্যবহারিক), বাংলা থেকে ইংরেজিতে প্রতিবর্ণীকরণ (transliteration), লিখন নৈপুণ্য : বৃদ্ধি ও উৎকর্ষ (তাত্ত্বিক ও ব্যবহারিক), বিরামচিহ্নের ব্যবহার, তথ্য প্রযুক্তির মাধ্যমে শ্রেণিপাঠদান প্রক্রিয়ায় বাংলা ভাষার ব্যবহার, ভাষা-জাদুঘর ও গ্রন্থাগার পরিদর্শন ইত্যাদি। ২৪ মে ২০১৮ অনুষ্ঠিত কোর্স সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের সনদ প্রদান করেন ইনস্টিটিউটের মহাপরিচালক ও কোর্স পরামর্শক অধ্যাপক জীনাত ইমতিয়াজ আলী। এ অনুষ্ঠানে *আমাই*-এর কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।




২০-২৪ মে ২০১৮-এর প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী ও ইনস্টিটিউটের কর্মকর্তাবৃন্দ

## উপভাষা বিষয়ক কর্মশালা

রাজশাহী বিভাগ : আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের তত্ত্বাবধানে এবং রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয়ের আয়োজনে ১০ এপ্রিল ২০১৮ রাজশাহী সার্কিট হাউজ হলরুমে অনুষ্ঠিত হয় 'রাজশাহী অঞ্চলের উপভাষা : রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা' শীর্ষক কর্মশালা। দিনব্যাপী এ কর্মশালায় আমন্ত্রিত অংশগ্রহণকারীদের মধ্যে ছিলেন রাজশাহী বিভাগের ৮টি জেলা– রাজশাহী, নাটোর, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাটের বাংলা ভাষা ও উপভাষাবিষয়ক গবেষক, কবি-সাহিত্যিক, সরকারি-বেসরকারি কর্মকর্তা, মুদ্রণ (প্রিন্ট) ও বৈদ্যুতিন (ইলেক্ট্রনিক) মাধ্যমের সাংবাদিক ও রাজশাহী অঞ্চলের সংস্কৃতিকর্মী। কর্মশালা দুটি পর্বে বিভক্ত ছিল। প্রথম পর্বে ছিল আমন্ত্রিত অতিথি ও অংশগ্রহণকারীদের পরিচিতিসহ কর্মশালার কৌশলপত্র পাঠ এবং প্রশ্নোত্তর পর্ব। দ্বিতীয় পর্বে ছিল রাজশাহী অঞ্চলের উপভাষার রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা এ তিন বিষয় সম্পর্কে অংশগ্রহণকারীদের দলভিত্তিক আলোচনা লিপিবদ্ধকরণ, উপস্থাপন ও প্রশ্নোত্তর।

বিভাগীয় কমিশনার মোঃ নূর-উর-রহমান প্রধান অতিথি হিসেবে কর্মশালার উদ্বোধন করেন। আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের প্রাক্তন পরিচালক শেখ মোঃ কাবেদুল ইসলাম কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ইনস্টিটিউটের মহাপরিচালকের পক্ষে তিনি কর্মশালার কৌশলপত্র পাঠ করেন। *আমাই*-এর এ উদ্যোগ গুরুত্বপূর্ণ ও সময়োপযোগী বলে আমন্ত্রিত অতিথিবৃন্দ অভিমত প্রকাশ করেন। এ পর্যায়ে স্কাইপ-এর মাধ্যমে পঠিত কৌশলপত্র সম্পর্কে উত্থাপিত বিভিন্ন প্রশ্নের উত্তর দেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের মহাপরিচালক। কর্মশালায় সভাপতিত্ব করেন রাজশাহী বিভাগের অতিরিক্ত বিভাগীয় কমিশনার মোঃ আমিনুল ইসলাম।



৩০ এপ্রিল ২০১৮ রাজশাহী বিভাগের কর্মশালায় ভিডিও কনফারেন্স

এবং প্রশ্নোত্তর পর্ব।

বিভাগীয় কমিশনার মোঃ আবদুল মান্নানের অনুপস্থিতিতে প্রধান অতিথি হিসেবে কর্মশালার উদ্বোধন করেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার জনাব শংকর রঞ্জন সাহা। কর্মশালার বিশেষ অতিথি ছিলেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের প্রাক্তন পরিচালক শেখ মোঃ কাবেদুল ইসলাম। তিনি কর্মশালার কৌশলপত্র পাঠ করেন। এ পত্র উপস্থাপিত হলে আমন্ত্রিত অতিথিবৃন্দ বিষয়টির সময়োপযোগিতা ও গুরুত্ব স্বীকার করেন। কৌশলপত্রে উপস্থাপিত বিষয়াদির উত্তর ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে প্রদান করেন ইনস্টিটিউটের মহাপরিচালক অধ্যাপক জীনাত ইমতিয়াজ আলী। আমাই পরিচালক শেখ মোঃ কাবেদুল ইসলাম ইনস্টিটিউটের লক্ষ্য-উদ্দেশ্য ও কর্মক্রম সবাইকে অবহিত করেন।

চট্টগ্রাম বিভাগ : ইনস্টিটিউটের তত্ত্বাবধানে এবং চট্টগ্রাম বিভাগীয় কমিশনারের কার্যালয়ের সার্কিট হাউজ হলরুমে ১৪ মে ২০১৮ দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়। বিষয় ছিল 'চট্টগ্রাম অঞ্চলের উপভাষা : রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা'। কর্মশালায় আমন্ত্রিত অংশগ্রহণকারীদের মধ্যে ছিলেন চট্টগ্রাম বিভাগের ১১টি জেলা বান্দরবান, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, চাঁদপুর, লক্ষ্মীপুর, ফেনী, নোয়াখালি, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, চট্টগ্রাম ও কক্সবাজার থেকে আগত বাংলা ভাষা ও উপভাষা বিষয়ক বিশেষজ্ঞ পর্যায়ের অতিথি, গবেষক, কবি-সাহিত্যিক, সরকারি-বেসরকারি কর্মকর্তা, মুদ্রণ (প্রিন্ট) ও বৈদ্যুতিন (ইলেক্ট্রনিক) মাধ্যমের সাংবাদিক ও চট্টগ্রাম অঞ্চলের সংস্কৃতিকর্মীবৃন্দ। দুটি পর্বে কর্মশালাটি পরিচালিত হয়। প্রথম পর্বে ছিল উপস্থিত অতিথিবৃন্দের পরিচিতিসহ 'চট্টগ্রাম অঞ্চলের উপভাষা : রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা' বিষয়ক কৌশলপত্র পাঠ এবং এ-সংক্রান্ত বিভিন্ন প্রশ্নোত্তর। স্কাইপ (skype)-এর মাধ্যমে অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের মহাপরিচালক। দ্বিতীয় পর্বে ছিল চট্টগ্রাম অঞ্চলের উপভাষার রূপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা সম্পর্কে অংশগ্রহণকারীদের দলভিত্তিক আলোচনা, সুপারিশ লিপিবদ্ধকরণ, উপস্থাপন

কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন চট্টগ্রামের স্থানীয় সরকার বিভাগের পরিচালক দীপক চক্রবর্তী। সভাপতিত্ব করেন চট্টগ্রাম বিভাগের অতিরিক্ত বিভাগীয় কমিশনার নূরুল আলম নিজামী।



ইনস্টিটিউটের মহাপরিচালক স্কাইপ-এর মাধ্যমে বিশেষজ্ঞমণ্ডলির প্রশ্নের উত্তর প্রদান করছেন

## ভাষা-জাদুঘর পরিদর্শন

ইনস্টিটিউটের ভাষা-জাদুঘর সরকারি ছুটির দিন ব্যতীত সকাল ১০টা থেকে বিকাল ৪:৩০টা পর্যন্ত সর্বস্তরের দর্শনার্থীদের জন্য খোলা রাখা হয়। মার্চ ২০১৮ থেকে আগস্ট ২০১৮ পর্যন্ত মোট ১৯৫ জন দর্শনার্থী ভাষা-জাদুঘর পরিদর্শন করেছেন। দর্শনার্থীগণ বক্তব্য বইয়ে তাঁদের অনুভূতি ও মতামত লিপিবদ্ধ করেন। দর্শনার্থীদের কিছু নির্বাচিত মন্তব্য নিচে তুলে ধরা হলো:

১৮ মার্চ ২০১৮ : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উপসচিব ড. মোঃ গোলাম মোস্তফা পরিদর্শনে এসে মন্তব্য করেন, "এ জাদুঘর দেখে ভাল লাগল। ভাষা নিয়ে জাদুঘর একটি আধুনিক চিন্তা। এতে আরও কিছু অডিও এবং ভিডিও তথ্য সংরক্ষণ করা যেতে পারে। বিশ্বের ভাষা সংক্রান্ত আরও তথ্য সংযোজন করা যেতে পারে।"

২৪ এপ্রিল ২০১৮ : জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) থেকে ১৫১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের ১৪ জন প্রশিক্ষণার্থী ভাষা-জাদুঘর পরিদর্শন করেন। তাদের পক্ষে এস এম রুমানা পারভিন লিখেছেন, "আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট-এ রাখা ভাষা জাদুঘরটি আমাদের অনেক বড় একটি অর্জন। এরকম ভাষাসমৃদ্ধ জাদুঘর আমাদের জ্ঞানকে সমৃদ্ধ করতে সাহায্য করবে। এটি মাননীয় প্রধানমন্ত্রীর অনেক ভালো একটি উদ্যোগ এবং এর ব্যাপ্তি আরও প্রসারিত হবে অদূর ভবিষ্যতে।"

১৩ মে ২০১৮ : *আমাই*-আয়োজিত সরকারি কর্মকর্তাদের 'দাপ্তরিক কাজে ও যোগাযোগ মাধ্যমে প্রমিত বাংলা ভাষার ব্যবহার' শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের পক্ষে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী পরিচালক রাজিব কুমার সাহা মন্তব্য করেছেন, "বাংলাসহ বিভিন্ন ভাষার বৈচিত্র্যময় সমাহার আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের এক অনন্য উদ্যোগ। ভাষিক জনগণকে মুগ্ধ করবে এ প্রয়াস।"

২৩ মে ২০১৮ : বান্দরবান সদর থানার ক্যাচিংঘাটা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক লাল থান জুয়াল (বম নৃগোষ্ঠী) পরিদর্শন শেষে মন্তব্য বইয়ে লিখেছেন, "ভাষার বৈচিত্র্য থেকে [দেখে] খুবই ভালো লেগেছে। এর পাশাপাশি ক্ষুদ্র নৃ-জনগোষ্ঠীদের ভাষা ও উৎপত্তি[-র] ইতিহাস সংরক্ষণ [সংরক্ষিত] থাকলে [এটি] আরও সমৃদ্ধ হবে বলে মনে করি।"

১৯ জুন ২০১৮ : নারায়ণগঞ্জ থেকে আগত অ্যাডভোকেট মোঃ আনিছুর রহমান লিংকন লিখেছেন, "সত্যিই অসাধারণ, তবে আরও উন্নয়ন [উন্নত] করা যেতে পারে। যেমন : 3d Vedio-তে আরও সুন্দরভাবে ৫২'র ভাষা আন্দোলনকে উপস্থাপন, আন্তর্জাতিক স্বীকৃতির পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত ডকুমেন্টারি, বাচ্চাদের [জন্য] শিক্ষামূলকভাবে উপস্থাপন ইত্যাদি। সর্বশেষ যা হয়েছে তাকে স্বাগত জানাই। ধন্যবাদ জানাই প্রতিষ্ঠাকারীদের।"



*নায়েম*-এর ১৫১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রতিনিধিদলের ভাষা জাদুঘর পরিদর্শন

২ জুলাই ২০১৮ : মালয়েশিয়ার এআইএমএসটি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. কল্যাণ কিশোর দেবনাথ ভাষা-জাদুঘর পরিদর্শনশেষে লিখেছেন: "Language is the principal medium of communication. Communication is an essential component to establish peace and development. We should become familiar with others' communication ways and skills, how they react and express their ideas and thoughts. It is an excellent collection of information about languages from all over the world. Really awesome and praise-worthy."

## আমাই গ্রন্থাগার

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) বিশ্বের সব মানুষের মাতৃভাষার বিকাশ, সংরক্ষণ এবং বিপন্ন ও বিলুপ্তপ্রায় ভাষার উন্নয়নের জন্য নিবেদিত প্রতিষ্ঠান। এ-লক্ষ্যে গড়ে তোলা *আমাই* গ্রন্থাগারে ভাষা ও ভাষাবিজ্ঞান বিষয়ক দেশ-বিদেশে সর্বশেষ প্রকাশিত মূল্যবান গ্রন্থাদি, একুশে ফেব্রুয়ারি ও ভাষা-আন্দোলন বিষয়ক গ্রন্থ, বাঙালির মহান মুক্তিযুদ্ধ ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্ম বিষয়ক রচিত গ্রন্থ, অভিধান, বিশ্বকোষসহ অন্যান্য কোষগ্রন্থ, বাংলা সাহিত্য বিষয়ক গ্রন্থ, নৃবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি, ইতিহাস, ভূগোল, তথ্য ও যোগাযোগপ্রযুক্তি এবং ধর্ম-সংস্কৃতি বিষয়ক গ্রন্থ ও পত্রিকা, সাময়িকী, গেজেট প্রভৃতি রয়েছে। দেশের অন্যান্য গ্রন্থাগারের মতো জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধ সম্পর্কিত বই-পুস্তক ও প্রকাশিত অন্যান্য দলিলপত্র সংরক্ষণ ও সহজে পাঠকের নাগালে পৌঁছানোর লক্ষ্যে রয়েছে 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার'। এছাড়াও বায়ান্ন-র একুশে ফেব্রুয়ারি মহান ভাষা আন্দোলনের ইতিহাস ও চেতনা প্রজন্ম থেকে প্রজন্মে প্রবাহিত করার উদ্দেশ্যে এ গ্রন্থাগারে পৃথকভাবে 'একুশে কর্নার' প্রতিষ্ঠা করা হয়েছে।

*আমাই* গ্রন্থাগার লেখক, গবেষক, বিভিন্ন স্তরের শিক্ষার্থী এবং জ্ঞানপিপাসু পাঠক সবার জন্য

উন্মুক্ত। সরকারি ছুটির দিন ব্যতীত সকল কার্যদিবসে সকাল ৯টা থেকে বিকাল ৪:৩০টা পর্যন্ত গ্রন্থাগার খোলা থাকে। আগ্রহী পাঠক এখানে এসে বইপত্র, সাময়িকী ইত্যাদি পাঠ করতে পারেন। তবে আমাই কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা ব্যতীত অন্য কারও ক্ষেত্রে বইপত্র ইস্যু করার সুযোগ নেই।

সরকারের রূপকল্প-২০২১-এর আওতায় গৃহীত 'ডিজিটাল রোডম্যাপ' বাস্তবায়নের অংশ হিসেবে *আমাই* গ্রন্থাগারের সেবাকে জনগণের কাছে সহজে পৌঁছে দিতে 'লাইব্রেরি অটোমেশন' প্রক্রিয়া চলমান। অচিরেই বিশ্বের যে-কোনো প্রান্ত থেকে যে-কোনো আগ্রহী পাঠক এ গ্রন্থাগারের সেবা গ্রহণ করতে পারবেন।



*আমাই* গ্রন্থাগারের একাংশ

## অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানাদি

৮ মার্চ ২০১৮ : বিকাল ৩টা থেকে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের উদ্যোগে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের "৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ" শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী নুরুল জনাব ইসলাম নাহিদ এম.পি। সভাপতিত্ব করেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ সোহরাব হোসাইন।

২৯ মার্চ ২০১৮ : বিকাল ৩টা থেকে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ কর্তৃক স্বাধীনতা দিবস উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ সোহরাব হোসাইন।

৫ মে ২০১৮ : সকাল ৯টায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের মাঠপর্যায়ের সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী ও উপ-সহকারী প্রকৌশলীগণের সমন্বয়ে ২০১৭-১৮ অর্থবছরের উন্নয়ন ও অনুন্নয়ন খাতের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা বিষয়ক কর্মশালার আয়োজন করা হয়। প্রধান অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি।

২৫ জুন ২০১৮ : বিকাল ৩টায় মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর কর্তৃক জাতীয় শিক্ষা সপ্তাহ ২০১৭ ও ২০১৮-এর জাতীয় পর্যায়ের পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রধান অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি।

২৬ জুন ২০১৮ : সকাল ৯টায় মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি, ২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্পের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের উপবৃত্তি ও টিউশন ফি-র অর্থ বিতরণের বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভা আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এম.পি।

২৭ জুন ২০১৮ : বুধবার সকাল ৮টায় 'ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় জাতীয় প্রতিযোগিতা ২০১৭'-এর পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রধান অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য ড. মুহাম্মদ আহসান উল্লাহ।

৫ জুলাই ২০১৮ : বিকাল ৩টায় পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানি লি.-এর উদ্যোগে মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মোঃ মোজাম্মেল হক খান।

৩০ জুলাই ২০১৮ : দুপুর ২টায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান কার্যালয়ের

নির্মাণকাজের ভিত্তিপ্রস্তর স্থাপন, নবনিযুক্ত উপসহকারী প্রকৌশলীগণের ওরিয়েন্টেশন কোর্সের উদ্বোধন এবং মটর সাইকেল বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রধান অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি। এছাড়া কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কাজী কেরামত আলী এম.পি, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ সোহরাব হোসাইন, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ আলমগীর এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব মোঃ মহিউদ্দীন খান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

৫ আগস্ট ২০১৮ : বিকাল ৩টা ও ৫টায় ঢাকা মহানগরীর সকল কলেজের (সরকারি ও বেসরকারি) অধ্যক্ষ-উপাধ্যক্ষগণ এবং ঢাকা মহানগরীর সকল স্কুলের (সরকারি ও বেসরকারি) প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষকগণের সঙ্গে মতবিনিময় সভার আয়োজন করা হয়। দুটি অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এম.পি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ সোহরাব হোসাইন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর মোঃ মাহাবুবুর রহমান।

৮ আগস্ট ২০১৮ : বিকাল ৩টায় শিক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহের উপাচার্যবৃন্দের সঙ্গে জরুরি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এম.পি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ সোহরাব হোসাইন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান।

৩১ আগস্ট ২০১৮ : বিকাল ৪টায় বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতির উদ্যোগে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট অডিটোরিয়ামে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতির চেয়ারম্যান শেখ কবির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর আব্দুল মান্নান এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মোঃ সোহরাব হোসাইন। মুখ্য আলোচক হিসেবে ছিলেন জাতীয় অধ্যাপক ড. রফিকুল ইসলাম। অনুষ্ঠানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়।

## আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন প্রকল্প

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন প্রকল্প (২য় পর্যায়) ৩০ জুন ২০১৮ সমাপ্ত হয়। প্রকল্পটির আওতায় ৪র্থ তলা থেকে ৬ষ্ঠ তলা পর্যন্ত অবকাঠামো নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। অভ্যন্তরীণ সাজসজ্জার কাজসহ লাইব্রেরি অটোমেশন, ভাষা-জাদুঘর ও আর্কাইভ ডিজিটাইজেশনের কাজ শেষ হয়েছে।



*আমাই ভবনের ষষ্ঠ তলায় স্থাপিত আর্কাইভের একাংশ*

## বাংলাদেশের নৃভাষাবৈজ্ঞানিক সমীক্ষা কার্যক্রম

বাংলাদেশের নৃভাষাবৈজ্ঞানিক সমীক্ষার মাঠপর্যায়ের তথ্য সংগ্রহের কাজ শেষ হয়েছে। ১০ খণ্ড প্রতিবেদনের ১ম খণ্ড মুদ্রণের কাজ সম্পন্ন হয়েছে। ২য় খণ্ডের সম্পাদনা ও প্রুফ সংশোধনের কাজ চলমান। খণ্ডগুলোর অবশিষ্ট পাণ্ডুলিপি পরামর্শকদের নিকট থেকে প্রাপ্তি সাপেক্ষে মুদ্রণ ও প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হবে।

## কর্মকর্তাদের বদলি ও পদায়ন

যুগ্মসচিব খাদিজা বেগম ১৬ আগস্ট ২০১৮ পরিচালক হিসেবে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে যোগদান করেন। এর আগে তিনি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে নিযুক্ত ছিলেন।

যুগ্মসচিব কামাল উদ্দিন ৯ সেপ্টেম্বর ২০১৮ পরিচালক হিসেবে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে যোগদান করেন। এর আগে তিনি শিল্প মন্ত্রণালয়ে নিযুক্ত ছিলেন।

ড. কানিজ ফাতেমা (সহযোগী অধ্যাপক, বাংলা) ২৪ এপ্রিল ২০১৮, ড. মোঃ সাহেদুজ্জামান (সহযোগী অধ্যাপক, বাংলা) ৬ মে ২০১৮ এবং মাহবুবা আক্তার (উপসচিব) ১১ সেপ্টেম্বর ২০১৮ উপপরিচালক পদে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে যোগদান করেন।

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের পরিচালক (অতিরিক্ত সচিব) শেখ মোঃ কাবেদুল ইসলাম ৩০ জুন ২০১৮ বদলিজনিত কারণে অবমুক্ত হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগদান করেন। ইনস্টিটিউটের উপপরিচালক ড. নবী মারুফ আশরাফ (সহযোগী অধ্যাপক, অর্থনীতি) ৪ ফেব্রুয়ারি ২০১৮ অবমুক্ত হন। মীর্জা আলী আশরাফ, উপপরিচালক (উপসচিব) আমাই থেকে ১০ এপ্রিল ২০১৮ বদলিজনিত কারণে অবমুক্ত হন। দেবদুলাল ভট্টাচার্য্য, উপপরিচালক (উপসচিব) আমাই থেকে ২৭ মে ২০১৮ অবমুক্ত হন। ড. অশোক কুমার বিশ্বাস, সহকারী পরিচালক (সহকারী সচিব), ৩০ জুন ২০১৮ আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন প্রকল্প (২য় পর্যায়) থেকে অবমুক্ত হন। মোঃ মনজুরুল হক, উপপরিচালক (সহযোগী অধ্যাপক, বাংলা) ১৭ সেপ্টেম্বর ২০১৮ অবমুক্ত হন।




*আমাই আর্কাইভে প্রদর্শিত বাংলা চারুলিপির একাংশ*

প্রাপকের অবর্তমানে নিচের ঠিকানায় ফেরত দেওয়ার জন্য অনুরোধ করা হলো :

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
১/ক, সেগুনবাগিচা (শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি)
ঢাকা ১০০০
E-mail: imli.moebd@gmail.com, Phone: 88-02-8391346

প্রাপক

.....................................................

.....................................................

.....................................................

সম্পাদক: জীনাত ইমতিয়াজ আলী

নির্বাহী সম্পাদক: কামাল উদ্দিন

সহযোগী সম্পাদক : ড. মোঃ সাহেদুজ্জামান, সহকারী সম্পাদক : ড. মোঃ ইলতেমাস

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা ১০০০ কর্তৃক প্রকাশিত ও এওয়ান এন্টারপ্রাইজ থেকে মুদ্রিত।